

42

ভোরের কাগজ

তারিখ ... AUG. 22 1999 ...
কলাম ৩

শিক্ষা মন্ত্রণালয়ের ওএসডি প্রসঙ্গ

সাধারণ শিক্ষা ক্যাডার বর্তমানে সর্ববৃহৎ ক্যাডার। দীর্ঘ ৩ বছর যাবত পদোন্নতি না হওয়ায় ক্যাডারের কর্মকর্তাবৃন্দ প্রচণ্ড ক্ষুব্ধ। সরকারি কলেজগুলো শিক্ষক স্বল্পতায় ভুগছে। অসংখ্য কলেজে অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং প্রবীণ শিক্ষক পদগুলো দীর্ঘদিন যাবৎ শূন্য আছে। ফলে, কলেজ প্রশাসন ভেঙে পড়েছে। শিক্ষার মান দিনে দিনে নিম্নগামী। বর্তমানে শিক্ষা ক্যাডারে নতুন একটি উপসর্গ যুক্ত হয়েছে। তাহলো মন্ত্রণালয়ের ওএসডি প্রক্রিয়া। কলেজগুলো একদিকে শিক্ষক স্বল্পতায় ভুগছে, আর অন্যদিকে ২০০ মতো প্রবীণ শিক্ষককে ওএসডি হিসেবে রাখা হয়েছে। বিনা কাজে এদের পিছনে সরকারের প্রতিমাসে ২৫ লাখ টাকার মতো গুণতে হচ্ছে। এমন অনেকে আছেন যারা ২ বছরেরও অধিককাল ধরে ওএসডি আছেন। এতে একদিকে জনগণের অর্থের অপচয় হচ্ছে অন্যদিকে বিনা দায়িত্বে, বিনা কাজে দীর্ঘদিন থাকার ফলে এ সব কর্মকর্তার কর্মশক্তি লোপ পাচ্ছে।

শোনা যায়, অনেক শিক্ষক নাকি আবার ঢাকাতে থাকার জন্য তদবীর করে ওএসডি হয়েছেন। দরিদ্র দেশে দরিদ্র জনগণের করের টাকার এই হরিলুটের যৌক্তিকতা মন্ত্রণালয়ের কাছে থাকলেও জনগণের কাছে নেই। তাই এই বিষয়টির প্রতিকার হওয়া দরকার।

মোর্শেদুল ইসলাম
পুরানা পল্টন
ঢাকা।